

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রধান প্রকৌশলীর কার্যালয়  
এস্টেট ও আইন  
সড়ক ও জনপথ অধিদপ্তর  
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা-১২০৮।  
www.rhd.gov.bd

নং :- ৩৫.০১.০০০০.৩৭৬.৩৭.০১৭.২৬- ১৭৭

তারিখঃ- ১৮/০৫/২০২৬

## আইনজীবী প্যানেল পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি

সরকারী স্বার্থ রক্ষার্থে সড়ক ও জনপথ অধিদপ্তর (সওজ)-এর পক্ষে বিজ্ঞ আদালতে চলমান মামলাসমূহ পরিচালনা/প্রতিদক্ষিতার জন্য বেসরকারী আইনজীবী প্যানেল তালিকাভুক্ত করার লক্ষ্যে আগ্রহী আইনজীবীগণের নিকট হতে নিম্নোক্ত শর্তে দরখাস্ত আহ্বান করা হলো।

পদ/আদালতের নাম : (১) মাননীয় সুপ্রীমকোর্টের আপীল বিভাগ/হাইকোর্ট বিভাগ-০২(দুই) জন।

০১।	আবেদনকারী আইনজীবীকে ঢাকায় স্থায়ীভাবে বসবাসরত হতে হবে।
০২।	আবেদনকারীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী/বর্তমান ঠিকানা, বয়স ইত্যাদি উল্লেখ সহ পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত দিতে হবে।
০৩।	আবেদনের সাথে সদ্য তোলা ০২(দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি দিতে হবে।
০৪।	আবেদনের সাথে জাতীয় পরিচয়পত্র, এস.এস.সি ও এলএলবি সহ সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র এবং বার কাউন্সিল প্রদত্ত পেশাগত অভিজ্ঞতা সনদপত্রসমূহের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।
০৫।	মাননীয় সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগে এ্যাডভোকেট হিসেবে কমপক্ষে ১০ বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে এবং Advocate on Record হিসেবে অভিজ্ঞতা থাকলে যথাযথ কর্তৃপক্ষের Affiliation Certificate দাখিল করতে হবে।
০৬।	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের মামলা পরিচালনার নির্ধারিত সিডিউল মোতাবেক বেসরকারী প্যানেল আইনজীবীগণের মামলা পরিচালনার ফি প্রদান করা হবে।
০৭।	অন্য কোন প্রতিষ্ঠানে প্যানেল আইনজীবী হিসেবে নিয়োজিত থাকলে তা উল্লেখ করতে হবে।
০৮।	আবেদনকারীর বয়স ৬৫ বৎসরের অধিক হবে না।
০৯।	প্যানেল আইনজীবীগণকে ০২(দুই) বৎসর মেয়াদের জন্য নিয়োগ করা হবে।
১০।	কোন আইনজীবী অব্যাহতি গ্রহণ করতে চাইলে সে ক্ষেত্রে ৩০(ত্রিশ) দিন পূর্বে নোটিশ প্রদান করতে হবে এবং মামলা সংক্রান্ত সকল নথি ও ডকুমেন্ট জমা দিতে হবে।
১১।	আবেদন পত্র আগামী ২৫/০৬/২০২৬খ্রি: তারিখ বিকাল ৫:০০ টার মধ্যে এস্টেট ও আইন কর্মকর্তার দপ্তর, প্রধান কার্যালয়, রুম নং- বি ৫২৯, ব্লক- বি, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা-১২০৮ বরাবর পৌছাতে হবে।
১২।	কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ যে কোন আবেদন অথবা সকল আবেদনপত্র গ্রহণ বা বাতিল করার অধিকার সংরক্ষণ করে। প্যানেল আইনজীবী তালিকাভুক্তির বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। সে ক্ষেত্রে কোন ধরনের তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

বি: দ্র: ইতোপূর্বে গত ২৩/০৩/২০২৫ তারিখের নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে যে সকল প্রার্থী আবেদন করেছেন তাদের আবেদনের প্রয়োজন নাই।

মোহাম্মদ আশরাফ হক চৌধুরী  
(উপসচিব)  
এস্টেট ও আইন কর্মকর্তা (অ:দা:)  
প্রধান কার্যালয়

ফোন : ০২-৮৮৭৯৩৮০

ইমেইল : estatelaw2018@gmail.com